

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
মিশন অধিশাখা
www.probashi.gov.bd

নং-৪৯.০০৩.০৩৩.০০.০০.০০৯.২০১০-৪৬৮

তারিখঃ ০৭-০৯ -২০১৬ খ্রিঃ

বিদেশস্থ বাংলাদেশ মিশনের শ্রম উইংসমূহে প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা/সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর/অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/সমপর্যায়ের পদে/গ্রেডে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহায়ক কর্মকর্তা/কর্মচারী নিয়োগ সংক্রান্ত নীতিমালা-২০১৬

বিদেশস্থ বাংলাদেশ মিশনের শ্রম উইংসমূহে প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা/সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর/অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে/গ্রেডে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামোভুক্ত কর্মকর্তা/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করা হইবে :

- ১.১। বাংলাদেশ মিশনের শ্রম উইংয়ের শূন্য/পূরণযোগ্য পদে/গ্রেড নিয়োগ প্রদানের উদ্দেশ্যে কর্মকর্তা/কর্মচারীগণের (প্রশাসনিক কর্মকর্তা/ ব্যক্তিগত কর্মকর্তা/সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর/অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ সমপর্যায়ের পদ/গ্রেড) মধ্য হতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বিজ্ঞপ্তি/সাকুলারের মাধ্যমে নির্ধারিত ফরমে (সংযোজনী-০১) আবেদনপত্র আহবান করিবে।
- ১.২। বিজ্ঞপ্তি/সাকুলারের মাধ্যমে আবেদনপত্র আহবানের সময় উহাতে পূরণযোগ্য/শূন্য পদের/গ্রেডের নাম, পদের/গ্রেডের সংখ্যা, বেতনক্রম এবং কোন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ আবেদনের যোগ্য তাহা সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।
- ১.৩। আবেদনপত্র গ্রহণের জন্য বিজ্ঞপ্তি/সাকুলার জারির তারিখ হইতে ন্যূনতম ০৭(সাত) কার্যদিবস সময় প্রদান করিতে হইবে।
- ১.৪। বাংলাদেশ মিশনের শ্রম উইংয়ের শূন্য/পূরণযোগ্য পদে/গ্রেডে আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর চাকুরি স্থায়ী হইতে হইবে এবং এ মন্ত্রণালয়ে প্রথম যোগদানের তারিখ হইতে ন্যূনতম ০৩(তিন) বছর চাকুরি সম্পন্ন করিতে হইবে।
- ১.৫। পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের শ্রম উইংয়ে নিয়োগের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী প্রযোজ্য হবে :

(ক) বেতন স্কেল গ্রেড ১১ থেকে গ্রেড ১৬ (সাবেক ৩য় শ্রেণী) হতে গ্রেড ১০ (সাবেক ২য় শ্রেণীতে)-এ পদোন্নতি প্রাপ্তদের ক্ষেত্রে পদোন্নতি প্রাপ্ত পদে/গ্রেডে ন্যূনতম ০২(দুই) বৎসরের কাজের অভিজ্ঞতা ও সন্তোষজনক সার্ভিস রেকর্ড থাকিতে হইবে।

(খ) বেতন স্কেল গ্রেড ১৭ থেকে গ্রেড ২০ (সাবেক ৪র্থ শ্রেণী) হতে গ্রেড ১১ থেকে গ্রেড ১৬ (সাবেক ৩য় শ্রেণীতে)-এ পদোন্নতি প্রাপ্তদের ক্ষেত্রে পদোন্নতি প্রাপ্ত পদে/গ্রেডে ন্যূনতম ০৩(তিন) বৎসরের কাজের অভিজ্ঞতা ও সন্তোষজনক সার্ভিস রেকর্ড থাকিতে হইবে।

- ১.৬। চাকুরি হইতে অবসর গ্রহণ করিবার মেয়াদ ০৪(চার) বছরের কম রহিয়াছে এরূপ কর্মকর্তা/কর্মচারী শ্রম উইংয়ের কোন পদে নিয়োগের জন্য বিবেচিত হইবে না।


- ১.৭। ০১ জানুয়ারী ১৯৯২ তারিখের পর জন্মগ্রহণকারী সন্তানসহ যাহাদের সন্তান সংখ্যা দুই এর অধিক তাঁহাদের আবেদন বিবেচনা যোগ্য হইবে না।
- ১.৮। বাংলাদেশ মিশনের শ্রম উইংয়ে নিয়োগের সর্বোচ্চ মেয়াদকাল ০৪(চার) বছর হইবে। উল্লিখিত মেয়াদ পূর্তির ন্যূনতম ০৬(ছয়) মাস পূর্ব হইতে নতুন কর্মকর্তা/কর্মচারী নির্বাচনের প্রক্রিয়া শুরু করিতে হইবে, যাহাতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের মিশনে চাকুরির মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে উক্ত পদে/শ্রেণিতে নতুন নিয়োগকৃত কর্মকর্তা/কর্মচারী কার্যভার গ্রহণ করিতে পারেন।
- ১.৯। বাংলাদেশ মিশনের শ্রম উইংয়ে একবার চাকুরি শেষে দেশে প্রত্যাবর্তনের পর ০৩(তিন) বৎসরের মধ্যে উক্ত কর্মকর্তা-কর্মচারীকে দূতাবাসের শ্রম উইংয়ে পুনরায় নিয়োগের জন্য বিবেচনা করা যাইবে না। প্রতিবার নিয়োগের ক্ষেত্রে ১.১৩ অনুচ্ছেদে বর্ণিত জ্যেষ্ঠতার নীতি এবং প্রযোজ্য ক্ষেত্রে জ্যেষ্ঠতার সাধারণ নীতি অনুসৃত হইবে। তবে শর্ত থাকে যে,
- (ক) কোন কর্মকর্তা/কর্মচারী সমগ্র চাকুরি জীবনে ০৪(চার) বারের অধিক মিশনের শ্রম উইংয়ে চাকুরি করিবার সুযোগ পাইবেন না।
- (খ) নীতিমালায় উল্লিখিত সমপর্যায়ের পদের কর্মকর্তা/কর্মচারীর ক্ষেত্রে শ্রম উইংয়ে চাকুরি করিবার এ সুযোগ সমগ্র চাকুরি জীবনে ০২(দুই) বারের বেশি হইবে না।
- ১.১০। বিদেশস্থ বাংলাদেশ মিশনের শ্রম উইংসমূহে নিয়োগের ক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারীগণের চাকুরির জ্যেষ্ঠতা, অভিজ্ঞতা, সার্ভিসবুক/এসিআর বিবেচনা করিতে হইবে। এছাড়া কর্মকর্তা/কর্মচারীর বিদেশে চাকুরি করিবার শারীরিক ও মানসিক সক্ষমতা আছে কিনা তা বিবেচনা করিতে হইবে।
- ১.১১। শ্রম উইংয়ের যেকোন পদে/শ্রেণিতে নিয়োগের ক্ষেত্রে কম্পিউটার পরিচালনায় (ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ই-মেইল, ওয়েবসাইট ও নেট ব্রাউজিং ইত্যাদি) অভিজ্ঞতা থাকিতে হইবে।
- ১.১২। কোন কর্মকর্তা/কর্মচারী তাহার নিজ অযোগ্যতার কারণে দূতাবাস হইতে ফেরত আসিলে তাহাকে পুনরায় বিদেশে নিয়োগের জন্য বিবেচনা করা যাইবে না।
- ১.১৩। শ্রম উইংয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ দেশে ফেরত আসিয়া যে তারিখে মন্ত্রণালয়ে যোগদান করিবেন সেই তারিখ হইতে পরবর্তী নিয়োগের জন্য তাহাদের জ্যেষ্ঠতা নির্ধারণ করা হইবে।
- ১.১৪। কোন কর্মকর্তা/কর্মচারী মিশনের শ্রম উইংয়ে নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হইবেন না, যদি-
- (ক) বিভাগীয় মামলা চলমান থাকে,
- (খ) দুর্নীতি সংক্রান্ত কোন মামলা চলমান থাকে, কিংবা
- (গ) কোন ফৌজদারি মামলায় দণ্ডপ্রাপ্ত বা অভিযুক্ত (Chargesheeted) হয়ে থাকেন।
- ২.০। মিশনের শ্রম উইংয়ের কর্মকর্তা/কর্মচারী নিয়োগের জন্য অনুচ্ছেদ ১.১ হতে ১.১৪-তে উল্লিখিত নির্ণায়ক/যোগ্যতার ভিত্তিতে আবেদনপত্র বাছাই ও প্রাথমিক নির্বাচনের তালিকা প্রণয়নের উদ্দেশ্যে নিম্নরূপ একটি বাছাই কমিটি গঠিত হইবে :
- (ক) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (মিশন ও কল্যাণ) - সভাপতি
- (খ) উপসচিব (প্রশাসন) - সদস্য
- (গ) উপসচিব (মিশন) - সদস্য সচিব

৩.০। অনুচ্ছেদ ২.০-তে বর্ণিত বাছাই কমিটি কর্তৃক প্রণীত কর্মকর্তা/কর্মচারীগণের প্রাথমিক নির্বাচন তালিকার মধ্য হইতে বাংলাদেশ মিশনের শ্রম উইংয়ের জন্য কর্মকর্তা/কর্মচারী নির্বাচনের লক্ষ্যে নিম্নরূপ একটি নির্বাচন কমিটি থাকিবে :

(ক)	সচিব প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	- সভাপতি
(খ)	অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব (প্রশাসন) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	- সদস্য
(গ)	অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব (মিশন ও কল্যাণ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	- সদস্য
(ঘ)	উপসচিব (মিশন) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	- সদস্য সচিব

নির্বাচন কমিটি পরীক্ষার মাধ্যমে তাঁহাদের মেধা ও এ নীতিমালার ১.১০ এবং ১.১১ অনুচ্ছেদে বর্ণিত যোগ্যতা যাচাইপূর্বক মিশনের শ্রম উইংয়ে নিয়োগের জন্য কর্মকর্তা/কর্মচারী নির্বাচন করিবে। কর্মকর্তা/কর্মচারী নির্বাচনের ক্ষেত্রে প্রয়োজনে কমিটি ভিন্নরূপ পদ্ধতি অনুসরণ করিতে পারিবে।

৪.০। এতদ্বারা ইতিপূর্বে এতদসংক্রান্ত অনুসৃত নীতিমালা (নং-৪৯.০০৩.০৩৩.০০.০০.০০৯.২০১০(অংশ) তারিখ : ০৭/০২/২০১৬) বাতিল বলিয়া গণ্য হইবে।



(বেগম শামছুন নাহার)
সচিব

নং-৪৯.০০৩.০৩৩.০০.০০.০০৯.২০১০-৪৬৮(৯)

তারিখ : ০৭-০৯-২০১৬ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ০১। অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। উপসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬। সহকারী/সিনিয়র সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৭। সকল প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা/ সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর/অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/সমপর্যায়ের কর্মকর্তা/কর্মচারী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮। সহকারী প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ০৯। অফিস কপি।


(মোজাফফর আহমেদ)
উপ সচিব

ফোনঃ ৯৩৪৯৪২১

dsmmission.probashi@gmail.com